# বার্ষিক প্রতিবেদন

২০২৩-২০২৪

উপজেলা সমবায় কার্যালয়
বানারীপাড়া, বরিশাল।
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও
সমবায় মন্ত্রণালয়।



# সমবায়-সংগীত

কাজী নজরুল ইসলাম

‘ওড়ে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে !
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগত ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি — আসি রবে না জগতে প্রবলের অন্যায় ॥

উপজেলা সমবায় কর্মকর্তা,  বানারীপাড়া, বরিশাল

দারিদ্র্য বিমোচন, পুঁজিগঠন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে সমবায় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। স্বাধীনতার পর সমবায়ের আদর্শে দেশের উৎপাদন, বন্টন, বিপণন ব্যবস্থা তৈরী করে সাধারণ মানুষের ভাগ্যোন্নয়নের মাধ্যমে দেশের সামগ্রিক উন্নয়ন বাস্তবায়নের জন্য সমবায় অধিদপ্তরের তত্ত্বাবধানে লক্ষ লক্ষ সমবায়ী কাজ করে যাচ্ছে।

উন্নয়নের লক্ষ্যে অন্যান্য দপ্তরের ন্যায় সমবায় অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমান সরকার ক্ষুধা, দারিদ্র্য, বৈষম্য ও দূর্নীতিমুক্ত সুখীসমৃদ্ধ “উন্নত বাংলাদেশ” গড়ার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে বিপুল জনসমর্থন নিয়ে সমবায়ের মাধ্যমে কৃষি জমি ও অন্যান্য সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, খাদ্য ও পুষ্টি চাহিদা পুরণের ব্যাপক কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে। সমবায় অধিদপ্তর বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করে বিপুল সংখ্যক গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ঋণ, প্রশিক্ষণ ও উপকরণসহ বিভিন্ন সহায়তা প্রদানের পরিকল্পনা করছে।

সমবায় অধিদপ্তরের সামগ্রিক কর্মকান্ডের প্রতিফলন ঘটিয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের এ বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ প্রকাশনা সকলকে এ দেশের সমবায় কার্যক্রমের বিষয়ে অবহিত করতে সহায়ক হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

এ প্রতিবেদন প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই।

(মোঃ আবুল বাশার রাড়ী)
উপজেলা সমবায় কর্মকর্তা,
বানারীপাড়া  বরিশাল।

`

# মুখবন্ধ

সমবেত প্রচেষ্টায় উন্নয়নে সমৃদ্ধ হওয়ার নাম “সমবায়”।

সমবায় একটি প্রাচীন অর্থনৈতিক ব্যবস্থা; সামাজিক তথা আঞ্চলিক ও জাতীয় উন্নয়ন এবং অগ্রগতি অর্জনে সমবায় একটি পরীক্ষিত সফল পদ্ধতি। একক প্রচেষ্টায় যা করা সম্ভব নয় সমবায় পদ্ধতিতে তা সহজেই করা সম্ভব। তাই প্রাচীনকাল থেকেই সমবায় বিশ্বব্যাপী জনগণের আর্থ-সামাজিক উন্নতির কার্যকর কৌশল হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। সমবায় সমিতি গঠনের উদ্দেশ্য হলো সুশৃঙ্খলভাবে লক্ষ্য-উদ্দেশ্য বাস্তবায়ন করে নিজেদের অবস্থার গুণগত পরিবর্তন সাধন করা।

বিভিন্ন অবকাঠামো উন্নয়নের ফলে বরিশাল অঞ্চলের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন দ্রুত দৃশ্যমান হচ্ছে এবং সেই সাথে প্রকট হচ্ছে বিত্তবান ও বিত্তহীনের আর্থ-সামাজিক বৈষম্য। এ বৈষম্য দূরীকরণে এবং টেকসই পরিবর্তনে, বরিশাল অঞ্চলের দরিদ্র ও নিম্নবিত্ত মানুষেরা তাদের ক্ষুদ্র-ক্ষুদ্র সঞ্চয় ও প্রচেষ্টা দিয়ে সমবায়ের মাধ্যমে নিজেদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনে উদ্দ্যোগী হতেই হবে। উৎপাদন, বিপনন ও সুষম বন্টন ব্যবস্থা গড়ে তুলে, আয় বৈষম্য দূরীকরণে ভুমিকা রেখে আঞ্চলিক ও জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করনেও দৃশ্যমান অবদান রাখতে পারে সমবায়।

প্রতিবেদনটিতে বানারীপাড়া উপজেলা ব্যাপী নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ,ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, গঠিত অন্যান্য তহবিল, লভ্যাংশ বিতরণ, বর্তমান অবস্থা ও সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। এছাড়াও বানারীপাড়া অঞ্চলের সমবায় সমিতি সমূহ এ অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি সার্বিক চিত্র তুলে ধরতেই এই প্রতিবেদন প্রকাশ করা।

এ পরিপ্রেক্ষিতে, সমবায় পতাকাতলে এ অঞ্চলের মানুষকে একত্রিত করে তাদের অগ্রযাত্রা এবং টেকসই উন্নয়নে আমরা সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।

(মোঃ আবুল বাশার রাড়ী)
উপজেলা সমবায় কর্মকর্তা,
বানারীপাড়া বরিশাল।

# সূচিপত্র

১ম অধ্যায়  - উপজেলা  সমবায় দপ্তর,বানারীপাড়া, বরিশাল।

২য় অধ্যায়-    উপজেলা বানারীপাড়ার সমবায় খাতের অগ্রগতি।

৩য় অধ্যায়-  প্রশিক্ষণ কার্যক্রম।

# ১ম অধ্যায়

## উপজেলা সমবায় দপ্তর,বানারীপাড়া, বরিশাল

**১. উপজেলা সমবায় দপ্তর,বানারীপাড়া বরিশাল এর রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী**

**১.১ রুপকল্প :**

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য :**

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র :**

১.৩.১ **উপজেলা সমবায় দপ্তর,বানারীপাড়া,বরিশাল এর** কর্মসম্পাদনের ক্ষেত্রে:

১ টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;
২ উৎপাদন, আর্থিক ও সেবা খাতে সমবায় গঠন;
৩ সমবায় সংগঠনের সক্ষমতাবৃদ্ধি ও উদ্যেক্তা সৃজন;
৪ দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ:

**১.৪ কার্যাবলী :**

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্ধুকরণ ও সমবায় গঠন;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্ত সৃজনে সহায়তা করা;
৪. সমবায় নেটওয়াকিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৫. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্বকর্মসংস্থান সৃষ্টি করা;
৬. গ্রামীন মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৭. সমবায় পন্য ব্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;
৮. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান;

**১.৫ উপজেলা সমবায় দপ্তর,বানারীপাড়া বরিশাল এর লক্ষ্য এবং দায়িত্ব:**

১. সমবায় আন্দোলনের প্রশাসনিক এবং ব্যবস্থাপনা বিষয়ক নীতিমালার আলোকে প্রণীত সমবায় সমিতি আইন এবং বিধিমালার ব্যবহারিক প্রয়োগ তত্ত্বাবধান করা।
২. উপজেলা সমবায় দপ্তরের কর্মকর্তা কর্মচারী এবং সমবায় সমিতির সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, বেতনভুক্ত কর্মচারীদেরকে বিভিন্ন পদ্ধতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায় নীতিমালা ও এর প্রায়োগিক বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;
৩. সমবায় সমিতি আইন ও বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা সাপেক্ষে, মূলধন গঠন ও বিনিয়োগ, সঠিক ব্যবস্থাপনা, তহবিলের যথাযথ ব্যবহার করতঃ সমিতির স্বাভাবিক এবং আইনগত কার্যক্রম ও অন্যন্য বিষয়াদি পরিচালনার জন্য সমবায় সমিতি সংগঠন, নিবন্ধন এবং অডিট করা;
৪. যুগের চাহিদা মোতাবেক সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালা সংশোধনের জন্য পরামর্শ প্রদান করা এবং জেলা সমবায় অফিসারের উপর অর্পিত বিধিবদ্ধ দায়িত্ব পালন এবং ক্ষমতা প্রয়োগ করা;
৫. সমবায় সমিতির কার্যক্রম সম্পর্কে জরিপ, গবেষণা এবং কেস স্টাডি পরিচালনা করে ফলাফল এবং প্রতিবেদন প্রকাশ করা এবং নিবন্ধক ও মহাপরিচালকের নিকট সুপারিশ পেশ করা;
৬. বাংলাদেশ ব্যাংক, কৃষি ব্যাংক, বিএডিসি ইত্যাদি সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সহায়তায় প্লান্ট স্থাপন এবং পণ্য আমদানী রপ্তানীর জন্য ঋণ ও যন্ত্রপাতিসমূহ এবং সমবায় সমিতির জন্য অন্যান্য দ্রব্য ও প্রয়োজনীয় সেবার ব্যবস্থা করা।
৭. সমবায়ের প্রচার, প্রকাশনা ও সম্প্রসারণমূলক কর্মকান্ড পরিচালনা করা ; এবং
৮. দাপ্তরিক প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ।

১.৬ **প্রশিক্ষণ প্রতিষ্ঠান:**

দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে **জেলা সমবায় দপ্তর, বরিশাল** , বাংলাদেশ সমবায় একাডেমী ও শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বরিশাল এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী এবং সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকে।

**১.৭ সমবায় দিবস:**
আন্তর্জাতিক সমবায় দিবসঃ জুলাই মাসের ১ম শনিবার
জাতীয় সমবায় দিবসঃ নভেম্বর মাসের ১ম শনিবার

১.৮ **সমবায় সমিতি সংক্রান্ত তথ্য:**
১.৮.১ সমিতির স্তর বিন্যাস: দেশের মোট সমবায় সমিতিসমূহ ৩টি স্তরে বিভক্ত-
ক. প্রাথমিক সমবায় সমিতি
খ. কেন্দ্রীয় সমবায় সমিতি
গ. জাতীয় সমবায় সমিতি
অপরদিকে সমিতি গঠনের উদ্যোগ, অর্থায়ন ও সেবা প্রদানের দৃষ্টিকোণ থেকে সমবায় সমিতিসমূহকে দু'ভাগে ভাগ করা হয়।
ক. সাধারণ সমবায় সমিতি
খ. বিআরডিবি সমর্থনপুষ্ট সমবায় সমিতি

১.৮.২ **সমিতির সংখ্যাঃ**
২০২৩-২০২৪ অর্থবছরের ৩০জুন পর্যন্ত উপজেলা সমবায় দপ্তর, বানারীপাড়া, বরিশাল এর অধীন মোট সমবায় সমিতির সংখ্যা ২৬৬টি, যার স্তর বিন্যাস নিম্নরুপ:

| স্তর/শ্রেনি | সংখ্যা |
|---|---|
| জাতীয় | নাই |
| কেন্দ্রীয় | ২ টি |
| প্রাথমিক সাধারণ | ১৮৯ টি |
| প্রাথমিক (পউব) | ৭৫ টি |
| মোট = | ২৬৬ টি |

১.৮.৩ **সমিতির সম্পদ:**

বানারীপাড়া **উপ**জেলাধীন সমবায় সমিতির ভৌত সম্পদ, বিনিয়োগকৃত আর্থিক সম্পদ, মজুদ তহবিল ইত্যাদির মোট পরিমাণ প্রায় ৪৭.৮০ লক্ষ টাকা।

১.৮.৪ **প্রশাসনিক কর্মকান্ড:**
**কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রোজস্ব বাজেটে):**

| সংস্থার নাম | উপজেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| উপজেলা সমবায় দপ্তরের (মোট পদ সংখ্যা) | ০১ | -- | ০১ | ০৩টি | ০১টি | ০৫টি |

১.৮.৫ **কর্মসংস্থান:**
সমবায় সমিতির মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত সর্বমোট ২৫৭২ জন লোকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

১.৮.৬ **অডিট ফি ও নিবন্ধন ফি আদায়:**
উপজেলা সমবায় দপ্তর, বানারীপাড়া,বরিশাল সরকারী রাজস্ব (ননট্যাক্স) আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় সমিতি নিবন্ধনের সময় নিবন্ধন ফি আদায় করা হয়। অপরদিকে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করার পর সমিতি হতে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর ১০৭ বিধি অনুযায়ী নির্দিষ্ট হারে অডিট ফি আদায় করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা সমবায় দপ্তর, বানারীপাড়া

**বরিশাল** কর্তৃক নিবন্ধন ফি হিসেবে ১,৮০০/- টাকা এবং অডিট ফি হিসেবে ২২,১৫০/- টাকা অর্থাৎ মোট ২৩,৯৫০/- টাকা রাজস্ব সরকারি কোষাগারে জমা হয়েছে।

১.৮.৭ **সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায়:**

সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধন ২০২০) এর ৮৪(২) বিধি অনুযায়ী প্রত্যেক সমবায় সমিতি প্রতি সমবায় বর্ষে নীট মুনাফা হতে ৩% অর্থ সমবায় উন্নয়ন তহবিলের অনুকূলে জমা করার মাধ্যমে উক্ত তহবিল গঠিত হয়। ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা সমবায় দপ্তর, বরিশাল ্বরে **৬,৫৪৮/--** টাকা সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায় করতে সক্ষম হয়েছে।

১.৮.৮ **সমবায় প্রশিক্ষণ:**

সমবায় সমিতির কার্যক্রমে আইনানুগ নিয়ন্ত্রণ ও সমবায়ীদের উন্নয়নমূলক কর্মকান্ডে গতিবৃদ্ধির জন্য সমবায় প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম এ লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি ও শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বরিশাল এর পাশাপাশি উপজেলা সমবায় দপ্তরেরভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক চহিদানুযায়ী তৃণমূল পর্যায় সমবায় ব্যবস্থাপনা, হাঁস-মুরগী ও গবাদী পশু-পালন, বৃক্ষরোপণ, স্যানিটেশন প্রভৃতি আয়বর্ধক ও আত্ন-কর্মসংস্থানমূলক বিষয়সহ
জাতীয় কর্মসূচীর আওতাভুক্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২২-২৪ অর্থ বছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতি চিত্র নিম্নরূপঃ

**ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতিঃ**

| প্রশিক্ষণের ধরণ | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| ভ্রাম্যমাণ প্রশিক্ষণ | ৪টি | ১০০জন |
| আইজিএ প্রশিক্ষণ | -- | -- |
| মোট | ৪টি | ১০০জন |

১.৮.৯ সমবায় সমিতির অডিট :

| সমিতির স্তর | অডিটযোগ্য সমিতির সংখ্যা | অডিটকৃত সমিতির সংখ্যা | অগ্রগতির হার (%) |
|---|---|---|---|
| জাতীয় সমিতি | নাই | নাই | -- |
| কেন্দ্রীয় সমিতি | ২ টি | ২ টি | ১০০% |
| প্রাথমিক সমিতি (সাধারণ) | ১৮৭ টি | ১৮৯ টি | ১০০% |
| মোট = | ১৮৯ টি | ১৮৯টি | ১০০% |

১.৮.১০ **প্রচার ও প্রকাশনা কার্যক্রম**:

- সমবায়ের কার্যক্রম প্রচার
- সমবায় পত্রিকা ও সাময়িকী প্রকাশ: ত্রৈমাসিক সমবায়, কো-অপারেশন, নিউজ লেটার
- বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন
- জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন
- জাতীয় সমবায় পুরস্কার সংক্রান্ত

## ১.৯ -উপজেলা সমবায় কার্যালয়, বানারীপাড়া, বরিশাল এর উল্লেখযোগ্য কার্যক্রম

### *** ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন:

০৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষ্যে **উপজেলা সমবায় দপ্তর, বানারীপাড়া** বরিশালের সার্বিক তত্ত্বাবধানে এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত জনাব মোঃ ফারুক হোসেন, উপজেলা চেয়ারম্যান, বানারীপাড়া । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নুরুল হক, উপজেলা ভাইসচেয়ারম্যান, বানারীপাড়া, বরিশাল । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব ফাতেমা আজরীন তন্বী, উপজেলা নির্বাহী কর্মকর্তা,বানারীপাাড়া, বরিশাল।




# <u>২য় অধ্যায়</u>

# উপজেলা সমবায় দপ্তর,বানারীপাড়া,বরিশাল সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের আবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জিবিত হয়েছে। ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রম অগ্রসরতা দৃশ্যমান হয়। অর্থনীতির এ খাতের সাফল্য পরিসংখ্যানের নিয়মে পরিমাপ করা দু:স্বাধ্য বিষয়। তবে কিছু নিয়ামক রয়েছে যার মাধ্যমে এর সফলতা ও ব্যর্থতার একটি ধারণা পাওয়া যেতে পারে। এ দেশের প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আনোদলনের মূল চালিকা শক্তি। নিম্মে এরুপ প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হলো:

**<u>২.১ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা:</u>**

নতুন সহশ্রাব্দে সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে। প্রতি বছরই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। বিগত পাঁচ বছরে সমবায় সমিতির সংখ্যার ঘটেছে। জেলা সমবায় কার্যালয়, বরিশাল এর সরাসরি তত্বাবধোনে গঠিত সমবায় সমিতির পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরীর সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। বিশেষ করে প্রথিমিক সমবায় সমিতি সংগঠনের ধারা অন্যান্য সময়ের চেয়ে বর্তমানে অনেক বেশি। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত বানারীপাড়া উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা দাড়িয়েছে- সমবায বিভাগীয়: ১৮৯ টি ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন প্রাথমিক সমিতি: ৭৫ টি।

**<u>২.২ প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা</u>:**

উন্নয়ন কার্যক্রমে জনগণের অংশীদারিত্ব উন্নয়নের অন্যতম নির্দেশক। সমবায় নিম্ম বিত্তের সংগঠন হিসাবে আর্বিভূত হলেও বর্তমানে সকল শ্রেণির বিপুর সংখ্যক জনগোষ্ঠী সমবায়কে আর্থ-সামাজিক উন্নতির একটি পরীক্ষিতি কৌশল হিসাবে বেছে নিয়েছে। সমবায় শুধু অর্থনৈতিক উন্নয়নই নয় পাশাপাশি সামাজিক উন্নয়নেও বিশেষ অবদান রেখে থাকে প্রতিবেদনাধীন বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা: পুরুষ- ৭৯২৪ জন ও মহিলা- ৪,২১৬ জন সহ সর্বমোট ১২,১৪০ জন।

**<u>২.৩ শেয়ার মূলধন:</u>**

দরিদ্র জনগোষ্টীর ক্ষুদ্র পুঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন তৈরি এবং উক্ত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হলো সদস্যদের নিকট থেকে শেয়ার আদায়। বিগত বছরের তুলনায় পরিশোধিত শেয়ার মূলধন বৃদ্ধি পেয়ে চলতি বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত দাড়িয়েছে: ৫৬.৯৯ লক্ষ টাকা।

**<u>২.৪ সঞ্চয় আমানত:</u>**

সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা নিয়মিতভাবে সমিতিতে সঞ্চয় জমা করে তা লাভজনক ব্যবসায়ে বিনিয়োগ করে থাকে। বিগত বছর সমুহের তুলনায় সঞ্চয় আদায় বৃদ্ধি পাচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সদস্যদের সঞ্চয় দাড়িয়েছে – ৪ কোটি, ৩৯ লক্ষ ৭৬ হাজার টাকা।

**<u>২.৫ সংরক্ষিত তহবিল ও গঠিত অন্যান্য তহবিল:</u>**

সমবায় সমিতিগুলোর নীট লাভ থেকে নির্দিষ্ট হারে বিভাজনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমান অর্থ সংরক্ষিত ও অন্যান্য তহবিলে জমা হয়ে থাকে। এ তহবিলও সমিতির মূলধন হিসাবে গণ্য হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতিগুলোর সংরক্ষিতি তহবিল ও নীট লাভ হতে গঠিত তহবিলের পরিমান ১৬ লক্ষ ৫৬ হাজার টাকা।

**<u>২.৬ কর্যকরী মূলধন:</u>**

সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় আমানত ও সংরক্ষিত তহবিল সমবায় সমিতির কর্যকরী মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। ২০২২-২০২৩ অর্থবছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের কর্যকরী মূলধনের পরিমান দাড়িয়েছে ১১ কোটি ০৩ লক্ষ ২১ হাজার টাকা।

**২.৭ বিনিয়োগ:**

সমবায় সমিতিগুলো তাদের নিজস্ব মূলধন ও ধারকৃত মূলধন বিভিন্ন লাভজনক, আয়ববর্ধক ব্যবসা ও কাজে বিনিয়োগ করে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের মোট বিনিয়োগের পরিমান দাড়িয়েছে ১০ লক্ষ ৭৪ হাজার টাকা।

**২.৮ ঋণ বিতরণ**:

২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের বিতরণকৃত ঋণের পরিমান ৪ কোটি ৭৫ লক্ষ ৯৪ হাজার টাকা।

**২.৯ ঋণ আদায়:**

২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের আদায়কৃত ঋণের পরিমান দাড়িয়েছে ২ কোটি ৬০ লক্ষ ৩২ হাজার টাকা।

**২.১০ অডিট ফি:**

প্রাথমিক সমবায় সমিতিগুলো প্রতিবছর তাদের নীট মুনফার ১০% হারে সর্বোচ্চ প্রাথমিক সমিতিরি ক্ষেত্রে সর্বোচ্চ ১০,০০০/- টাকা ও কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে সর্বোচ্চ ৩০,০০০/- টাকা পর্যন্ত অডিট ফি হিসাবে সরকারি কোষাগারে (ট্রেজারী চালানের মাধম্যে) জমা দিয়ে থাকেন। ২০২২-২০২৩ অর্থবছরে ১৮ টি প্রাথমিক সমবায় সমিতি ও ১ টি কেন্দ্রীয় সমবায় সমিতি সমুহের অডিট ফি ধার্য ২৩,৯৫০/- টাকা, সেপ্টেম্বর ২০২৪ খ্রি.মাস পর্যন্ত সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে ২৩,৯৫০০/- টাকা। আদায়ের শতকরা হার ১০০%।

## তৃতীয় অধ্যায়

## প্রশিক্ষণ :

সমবায় অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক বিভিন্ন প্রশিক্ষন কোর্স অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণ গ্রহন করে সমবায় সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন একং আত্ম-কর্মসংস্থান সুযোগ সৃষ্ঠি হয়ে সমিতির সদস্যরা এখন দক্ষ, সুশৃঙ্খল ও স্বাবলম্ভী হয়েছেন। বাংলাদেশ সমবায় একাডেমি কোটবাড়ী কুমিল্লা জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও তার আওতাধীন বরিশাল আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কাশিপুর, বরিশাল সমবায়ীদের এবং সমবায় বিভাগে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। পাশাপাশি **উপজেলা সমবায় দপ্তরে** ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক চহিদানুযায়ী তৃণমূল পর্যায় সমবায় ব্যবস্থাপনা, হাঁস-মুরগী ও গবাদী পশু-পালন, বৃক্ষরোপণ, স্যানিটেশন প্রভৃতি আয়বর্ধক ও আত্র-কর্মসংস্থানমূলক বিষয়সহ জাতীয় কর্মসূচীর আওতাভুক্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতি চিত্র নিম্নরূপঃ






# সমাপ্ত